



BITAC-A Center of Excellence

# বাংলাদেশ শিল্প কারিগরি মহায়ত্ন কেন্দ্র (বিটাক) শিল্প মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



তারিখ: ০১.০২.২০২১

## সংবাদ বিজ্ঞপ্তি

শাবিপ্রবির আইপিই বিভাগের সাথে বিটাকের সমঝোতা চুক্তি (এমওইউ) স্বাক্ষর

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগের সাথে টুল অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউট, বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল টেকনিক্যাল অ্যাসিসটেন্স সেন্টার (বিটাক) এর সমঝোতা চুক্তি (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে। গত ৩১ জানুয়ারি রোববার বেলা সাড়ে ১১ টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-২ এর সভাকক্ষে এ চুক্তি স্বাক্ষরিত হয়।

ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগের সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ মহসিন আজিজ খান এবং টুল অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউটের পরিচালক ড. সৈয়দ মোঃ ইহসানুল করিম এ চুক্তিতে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মোহাম্মদ ফরিদ উদ্দিন আহমেদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ ড. আনোয়ারুল ইসলাম এবং বিটাকের মহাপরিচালক আনোয়ার হোসেন চৌধুরী।

বিটাকের পরিচালক ড. সৈয়দ মোঃ ইহসানুল করিম বলেন, এর ফলে বিটাক এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় উভয়ই উপকৃত হবে। সর্বপোরি উপকৃত হবে দেশ। প্রকৌশল বিভাগের শিক্ষার্থীরা তাদের স্নাতকোত্তর ও পিএইচডি পর্যায়ের গবেষণার প্রযুক্তিগত সহায়তা পাবেন বিটাকের টুল অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউট থেকে। এ ছাড়া এই ইনস্টিটিউট বাস্তব প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তা তৈরিতেও কাজ করবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বলেন, এ সমঝোতা চুক্তি স্বাক্ষরের মাধ্যমে দুটি প্রতিষ্ঠানের মধ্যে যে সম্পর্ক তৈরি হলো তা আগামী দিনগুলোতে আরো বৃদ্ধি পাবে। তিনি এ চুক্তি বাস্তবায়নে শাবিপ্রবির পক্ষ থেকে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

বিটাকের মহাপরিচালক আনোয়ার হোসেন চৌধুরী বলেন, বিটাক ১৯৬২ সালে থেকেই শিল্প খাতের উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরি, আমদানি বিকল্প যন্ত্র ও যন্ত্রাংশ তৈরি, মেরামত, সংস্কার ও সংযোজনের মাধ্যমে দেশের শিল্প কারখানাগুলোকে সচল রেখে দেশের উন্নয়নের পথ প্রশস্ত করছে।

তিনি আরও বলেন, বিটাক সম্প্রতি গবেষণা ও উন্নয়নকে প্রাধান্য দিয়ে উদ্ভাবনী কার্যক্রমের ওপর বিশেষ গুরুত্ব দিয়েছে। আধুনিক প্রযুক্তির ওপর হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়ার জন্য রাশিয়া, জার্মানিসহ বিভিন্ন দেশ থেকে আধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। চতুর্থ শিল্প বিপ্লবকে স্বাগত জানানো এবং এর চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় নির্ধারণে ইতোমধ্যে বিটাক কাজ শুরু করেছে। এর অংশ হিসেবে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগের সাথে এই সমঝোতা চুক্তি স্বাক্ষর বিশেষ গুরুত্ব বহন করে। এ চুক্তির মাধ্যমে উভয় প্রতিষ্ঠানই উপকৃত হবে। শাবিপ্রবির শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীগণ বিটাকে হাতে-কলমে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পাবেন।

  
০১.০২.২০২১

এস. এম. রাসেল রাব্বী  
জনসংযোগ কর্মকর্তা  
বিটাক, ঢাকা।

বিটাক, ১১৬ (খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন: ৮৮৭০২৬৬, ৮৮৭০৬৮০, ফ্যাক্স: ০২-৮৮৭০৭২৮। ওয়েবসাইট: www.bitac.gov.bd